নভেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

সভার তারিখ ও সময় : ১৮ নভেম্বর/২০২১ খ্রিঃ, সকাল-১১.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল
সভাপতি : জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ

সভায় উপস্থিত সদস্যগণের বিবরণ-পরিশিষ্ট 'ক' তে প্রদর্শিত হলো

সভাপতি উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উাপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ কে সভা পরিচালনার জন্য সভাপতি কর্তৃক অনুরোধ করা হয়। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই সভায় উপস্থিত কমিটির সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানান। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সদস্যবৃন্দের নিকট সরবরাহকৃত কার্যবিবরণীতে কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হয়েছে। বর্তমানে তাড়াইল উপজেলায় ০১(এক) জন রোগী রয়েছে। টিকা ১ম ও ২য় ডোজ সম্পন্ন হয়েছে, গণ টিকা কার্যক্রমের ১ম ধাপ অতিক্রান্ত হয়েছে। আগামি ২০, ২৩ ও ২৭ নভেম্বর এ টিকা কার্যক্রম চলবে। তিনি প্রচার প্রচারণার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে অব্যাহত আছে।	তাড়াইল উপজেলায় করোনা পরিস্থিতি প্রত্যাশিত উন্নতি হওয়ায় স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে সভার পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়; তার দপ্তরের রুটিন কজ অব্যাহত রাখার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তাড়াইল।

০২। কৃষি বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০২	উপজেলা কৃষি অফিসার জানান প্রতি মৌসুমে কৃষক পর্যায় হতে ধান ক্রয় করা হতো। চলতি মৌসুমেও করা হবে, তবে এবার এ্যাপস এর মাধ্যমে কৃষি নিবন্ধন করে ক্রয় করা হবে। বর্তমানে নিবন্ধন কার্যক্রম চলছে কৃষক সরাসরি নিবন্ধন করতে পারবেন, প্রয়োজনে উপসহকারি কৃষি কর্মকর্তার সহযোগিতা নেয়া যেতে পারে। তিনি এ্যাপস সংক্রান্ত প্রচারণার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।	তার দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসার, তাড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার, তাড়াইল।

০৩.প্রাণিসম্পদ বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৩	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত মাসে গবাদি পশুকে বিভিন্ন রোগের ৫৫০, ছাগল, ভেড়া ২০২০ টি, হাস মুরগি ২৩০০ টি টিকা প্রদান করা হয়েছে। ৩৯১৪ টি গরু/ছাগলের ও ৩৫২৭০ টি হাস মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে। সেবা গ্রহিতার নিকট হতে ২৫,৬৭৫(পঁচিশ হাজার ছয়শত পচাত্তর) টাকা রাজস্ব আয় হয়েছে। তিনি তার দপ্তরে সীমানা প্রাচীর না থাকায় তার দপ্তরে প্রায়ই চুরি হয় মর্মে জানান, তিনি চুরি রোধে সভায় সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।	তার দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখা ও শীতকালীন গবাদি পশু ও হাস মুরগির রোগ বালাই প্রতিরোধে তৎপর থাকার জন্য সভার পক্ষ হতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাড়াইলকে অনুরোধ করা হয়। চুরি রোধে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে কাটা তারের বাউন্ডারী নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১.উপজেলা প্রাণি সম্পদ অফিসার, তাড়াইল ০২. উপজেলা প্রকৌশলী (এলজিইডি), তাড়াইল

০৪.স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	উপজেলা প্রকৌশলী, এলজিইডি তার বক্তব্যে জানান যে, মাননীয় এমপি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী তার দপ্তরের আওতায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। এ ক্ষেত্রে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান, চলতি অর্থবছরে এডিপির আওতায় ২২.২৭ লক্ষ করে দুই কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। এবং উন্নয়ন তহবিলে প্রায় ২২.০০ লক্ষ টাকা জমা আছে। আগামী ডিসেম্বর/২১ এর মধ্যে স্কীম গ্রহনের অনুরোধ করেন। এছাড়া তিনি জানান , উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি অনেক পুরাতন এবং বসবাস অযোগ্য। প্রতি বছর মেরামত করা হলেও প্রায়শঃ প্লাস্টার খসে পড়ে, কলাম বীমে ফাটল বিদ্যমান। উক্ত ভবনটি কনডেম ঘোষণা করে নতুন ভবন নির্মাণের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সুপারিশ করেন। তিনি আরও জানান যে, উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় এ উপজেলায় ১.৫০ কি. মি. সড়ক, ১.০০ কি. মি. ড্রেন, ৫.০০ মিঃ কালভার্ট এবং ১ টি পাবলিক টয়লেট নির্মাণ কাজের প্রাক্কলন প্রেরণের জন্য প্রকল্প পরিচালক মহোদয়ের পত্রের প্রেক্ষিতে উপজেলা পরিষদের মতামতের ভিত্তিতে তাড়াইল	আগামী মাসিক মিটিং এর আগেই সকলকে স্কীম প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। উপজেলা শহর মাস্টার প্ল্যান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় উপরে উল্লিখিত স্কীমগুলো সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, তাড়াইল

	বাজারের মূল রাস্তা, অভ্যন্তরীণ কিছু গুরুত্বপূর্ণ রাস্তা, উপজেলা পরিষদ গেইট হতে চেয়ারম্যান কোয়াটার পর্যন্ত রাস্তা, অফিসার্স ক্লাব হতে আবাসিক এলাকা হয়ে সহকারী কমিশনার (ভূমি) অফিস পর্যন্ত রাস্তা, তাড়াইল বাজার মেইন রোড হতে সদর ভূমি অফিস হয়ে মসজিদ পর্যন্ত রাস্তা, সাচাইল উপজেলা চেয়ারম্যানের বাড়ী হতে ভাইস চেয়ারম্যানের বাড়ী পর্যন্ত রাস্তা, কাইকরহাটি বাজার পাকা রাস্তা (গ্রামীন টাওয়ার) হতে নতুন মসজিদ পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজের সুপারিশ করেন। এছাড়া উল্লিখিত রাস্তাগুলোর পার্শ্বে ড্রেন নির্মানের সুপারিশ করেন। পাবলিক টয়লেটের বিষয়ে উপজেলা জামে মসজিদের পিছনে নির্মাণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনার কথা উপজেলা প্রকৌশলী সভায় উল্লেখ করেন।		

০৫.শিক্ষা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫	উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের লক্ষ্যে (১ম-৫ম) শ্রেণীর মুক্তিযুদ্ধ বিষয়ক রচনা, চিত্রাঙ্কন, কুইজ, সংগীত, নৃত্য বিষয়ে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা গত ১২/১১/২০২১ খ্রি. তারিখে তাড়াইল আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয় এবং পরবর্তীতে ১৪/১১/২১ খ্রি. জেলা পর্যায়ে অংশগ্রহণ করেছে। ১৬/১১/২০২১ খ্রি. তারিখ স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে (৩য়-১০)ম শ্রেণীর বিভিন্ন গ্রুপে মুক্তিযুদ্ধ বিষয়ক রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা উপজেলা পরিষদ বিদ্যানিকেতনে অনুষ্ঠিত হয়। ১ম স্থান অধিকারীগন জেলায় অংশ গ্রহণ করবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত রুটিন মোতাবেক সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণী পাঠদান কার্যক্রম চলছে । ১ম-৪র্থ শ্রেণীর বার্ষিক ও ৫ম শ্রেণীর প্রাথমিক শিক্ষা সমাপনী/২০২১অনুষ্ঠিত হবে কিনা এখনো কোন সিদ্ধান্ত হয়নি। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।	স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচী যথাযোগ্য ভাবগাম্ভীর্যে উদযাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল।

০৬. মৎস্য বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৬	উপজেলা মৎস্য অফিসার জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাছের রোগ বালাই বিষয়ে চাষী পর্যায়ে সচেতনতামূলক প্রচারণা অব্যাহত আছে। তিনি হলরুমের সংস্কার ও আধুনিকায়ন করার জন্য সভায় সকলের প্রতি আহবান জানান।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরিষদের তহবিলে পরবর্তীতে অর্থ প্রাপ্তি সাপেক্ষে ও আধুনিকায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল।

০৭.পরিবার পরিকল্পনা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৭	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। মাঠ কর্মীরা জন্মনিয়ন্ত্রণ ও প্রসব পরবর্তীতে মাতৃ স্বাস্থ্য ও নবজাতকের পুষ্টি ও দৈহিক বৃদ্ধিতে কাজ করে যাচ্ছেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল।

০৮.যুব উন্নয়ন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৮	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান , ০১ নভেম্বর জাতীয় যুব দিবস। তিনি দিবসটির প্রতিপাদ্য অনুযায়ী সকলের সতস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে দিবসটি সফল করতে সভায় সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান উপজেলা পরিষদ সরকারী বাসা বাড়ী এলাকায় শুধু রাতে নয় দিনের বেলাও বখাটেদের পদচারণা লক্ষ্য করা যায় । তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে, আপাদত কোন সমস্যা নেই।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল।

০৯.পল্লী উন্নয়ন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৯	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তবে তিনি জানান জোড়া বাড়ীর অবস্থা খুবই নাজুক। ভবনটি মেরামতের আহবান জানান,	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়াও এ অফিসের মূল ভবন সংস্কারের নিমিত্ত পরিষদের নিকট পূর্বের পাওনা রাজস্ব তহবিলের স্থিতি সাপেক্ষে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল।

১০.সমবায় বিভাগ :

১০.সমবায় বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১০	উপজেলা সমবায় কর্মকর্তা মোটর সাইকেল দুর্ঘটনায় আহত হওয়ায় তার জন্য সভার পক্ষ হতে শুভকামনা করা হয়, তার আশু সুস্থ্যতা কামনা করা হয়।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	--

১১.প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১১	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২১-২২ অর্থ বছরের টি আর কাবিখা বারাদ্দ যা রয়েছে তার তালিকা পাওয়া গেছে। তিনি জানান ৩১ ডিসেম্বরের মধ্যে প্রকল্প বাস্তবায়নের বাধ্যকতা রয়েছে। ২(দুই) কিঃ মিঃ রাস্তার বরাদ্দ পাওয়া গেছে রাস্তার ১২ ফিট উচ্চতা থাকতে হবে। যেন বর্ষায় তলিয়ে না যায়। তিনি তার অফিস কক্ষের পিছনে ময়লা আবর্জনা ফেলায় দুর্গন্ধের কথা জানান, তিনি সীমানা প্রাচীর নির্মাণের আহবান জানান।	সীমানা প্রাচীরের জন্য প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত হয়। প্রাচীর না হওয়া পর্যন্ত পূর্বের কাটা তারের বেড়া রাজস্ব তহবিল হতে সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল।

১২.মহিলা বিষয়ক বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১২	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান নারী উদ্যোক্তাদের মহিলা মার্কেটের বিষয়ে উদ্বুদ্ধ করবেন। কিশোর কিশোরী ক্লাবের সংগীত আবৃত্তি বাছাই করা হয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়াও উপজেলার মহিলা মার্কেট গুলোতে নারী উদ্যোক্তাদের বরাদ্দ দেয়া যায় কিনা সে ব্যাপারে আলোচনা হয়।	মহিলা মার্কেটে বরাদ্দ নিতে ইচ্ছুক নারীদের তালিকা করে যাচাই বাছাই এর সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

১৩.জনস্বাস্থ্য বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৩	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। তিনি সরকারি কোয়ার্টারে যাতায়াতের রাস্তা ব্যবহার অনুপযোগী তা মেরামতের ও রাতে সড়ক বাতি জ্বালানোর আহবান জানান।	প্রকল্পের মাধ্যমে এটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,তাড়াইল/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল

১৪.মাধ্যমিক শিক্ষা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৪	মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ উপজেলায় শ্রেণী পাঠদান চলছে। সরকারী নির্দেশনা মেনে এস এস সি পরীক্ষা চলছে। তালজাঙ্গা ও দামিহা উদয়ন কলেজে কম্পিউটার প্রয়োজন। দাউদপুর বানাইল মদ্রাসায় ভবন প্রয়োজন। তিনি উপজেলা পরিষদ তহবিল হতে উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণের আহবান জানান। কাজলা উচ্চ বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংযুক্ত হওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপনের অনুরোধ করেন । তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।	আলোচ্যসূচিতে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর চাহিদা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদ তহবিলে অর্থ প্রাপ্তি স্বাপেক্ষে শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। কাজলা উচ্চ বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংযুক্ত হওয়ায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সভার পক্ষ হতে ধন্যবাদ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল ২। উপজেলা পরিষদ তাড়াইল

১৫.ইন্সট্রাক্টর উপজেলা রির্সোস সেন্টার :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৫	ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোস সেন্টার, তাড়াইল

১৬.পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৬	আমার বাড়ী আমার খামার প্রকল্পের সমন্বয়কারী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক।	বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার, তাড়াইল।

১৭.উপজেলা সমাজসেবা বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৭	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে তিনি জানান।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা সমাজসেবা অফিসার, তাড়াইল। ০২. ইউঃ পিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল

১৮.বন বিভাগ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৮	উপজেলা বনসংরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।	উপজেলার বিভিন্ন সরকারী গাছ পালা বিভিন্ন জায়গায় পড়ে আছে তার নীতিমালা অনুযায়ী ব্যবস্থা নেয়ার জন্য বন কর্মকর্তাকে বলা হয়।	০১. উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা,তাড়াইল

১৯.বিবিধ :

ক্রঃনং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৯	আগামী ১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবসে মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে রাজস্ব তহবিল হতে অতিরিক্ত অর্থ ব্যয় নিয়ে আলোচনা হয়।	এ বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়নন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগে অতিরিক্ত অর্থ ব্যয়ের অনুমোতির জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়	উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল

চেয়ারম্যান, উপজেলা পরিষদ তাঁর বক্তব্যে তাড়াইল উপজেলায় নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় প্রশাসন ও জনপ্রতিনিধিদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি উপজেলা পরিষদের বিদায়ী সদস্য ইউপি চেয়ারম্যানদের সাবেক উপজেলা চেয়ারম্যান ও তার সময়ে সর্বাত্মক সহযোগিতা করার জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বিদায়ী চেয়ারম্যানগণের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। তিনি আগামিতেও উপজেলা পরিষদকে সম্ভব সব জায়গায় সহযোগিতার আহবান জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জহিরুল ইসলাম ভূঞা)
চেয়ারম্যান উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০১.২১-৩৯৭(২০) ৩৭৭ তারিখ : ২৮ নভেম্বর, ২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :-

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, ঢাকা বিভাগ ঢাকা।
০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, তাড়াইল,কিশোরগঞ্জ।
০৭. উপজেলা...কর্মকর্তা, তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।
০৮. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল,কিশোরগঞ্জ এবং সদস্য উপজেলা পরিষদ।
০৯. জনাব...তাড়াইল, কিশোরগঞ্জ।
১০. অফিস কপি।

২৮/১১/২০২১

উপজেলা নির্বাহী অফিসার
তাড়াইল, কিশোরগঞ্জ